# আমাদের পবিত্র নাবী (সাঃ) আমাদের সবচেয়ে বড় নিয়ামাত

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্‌, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্‌, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আল্লাহ্‌কে ধন্যবাদ যে সাফার মাস নিরাপদে পার হয়ে গেছে, ইনশাআল্লাহ। এখনকার এই মাসটি আমাদের পবিত্র নাবী (সাঃ) এর মাস, রাবিউল আউয়াল মাস, মাওলিদের মাস। মাওলিদের রাত, হাযরাত সুলাইমান চেলেবী বলেন, লাইলাতুল কাদারের মতই মূল্যবান। এই মাস পবিত্র। যারা আমাদের পবিত্র নাবী (সাঃ) কে মর্যাদা এবং ভালবাসা দেখাবে এই মাসে, তারা আল্লাহ্‌র দৃষ্টিতে বিশাল পুরস্কারের অধিকারী হবে।

আমাদের উচিত আল্লাহ্‌ তা'আলাকে ধন্যবাদ জানানোর কারণ তিনি আমাদের উম্মাতি মুহাম্মাদ (সাঃ) করে পাঠিয়েছেন। এটি একটি বিশাল নিয়ামাত কিন্তু মানুষেরা এই নিয়ামাতের মূল্য জানে না। আমাদের পবিত্র নাবী (সাঃ) এর আগের নাবীগণও আল্লাহ্‌ তা'আলার কাছে দু'আ করেছিলেন উম্মাতি মুহাম্মাদ (সাঃ) এর অন্তর্ভূক্ত হবার জন্য। আমাদেরকে বিশাল নিয়ামাত দান করা হয়েছে। আমরা একজন সুন্দর নাবীর উম্মাত হয়েছি, এবং আমরা আল্লাহ্‌র প্রিয়তম নাবীর উম্মাত হয়েছি। এটা আমাদের জন্য একটি অতি আনন্দের কারণ হওয়া উচিত।

১০০ সালাওয়াত থেকে শুরু করে যতগুলো সম্ভব সালাওয়াত পড় এই রাবিউল আউয়াল মাসের সম্মানে। তোমরা মাওলিদ অনুষ্ঠানও করতে পারো আমাদের পবিত্র নাবী (সাঃ) জন্ম উপলক্ষে। তোমাদের দান এবং সাদাকার সাওয়াব উপহার হিসেবে উনাকে দাও এই বলে যে, "পবিত্র নাবী (সাঃ) এর মহিমা এবং সম্মানে আমরা এই সাদাকা দান করছি, এই ইবাদাতসমূহ করছি এবং মানুষের সাথে মিলেমিশে চলছি।" যত সম্ভব বেশি ভালো কাজ কর এই মাসে আমাদের পবিত্র নাবী (সাঃ) এর সম্মানে।

আমাদের পবিত্র নাবী (সাঃ) আমাদের জন্য একটি বিশাল নিয়ামাত। আমাদের পবিত্র নাবী (সাঃ) কে সম্মান দেখানো আল্লাহ্‌র একটি আদেশ। আল্লাহ্‌ (জাল্লা জালালুহু) বলেন, "নাবীকে মর্যাদা দাও, উনার উপর সালাত এবং সালাম পাঠাও। আমি এবং আমার ফেরেশতারা উনার উপর সালাত এবং সালাম পাঠাই"। আল্লাহ্‌ (আযযা ওয়া জাল্লা) এটি আদেশ করেছেন এবং বিশ্বাসীদের তা মানা উচিত। যদিও এই আদেশটি কুর'আনে লিখিত আছে, তবুও শয়তান অনেক মানুষকে বিভিন্নভাবে বিপথে নিয়েছে। এসব মানুষদের সম্ভ্রম চলে যাবে। যারা আমাদের পবিত্র নাবী (সাঃ) কে সম্মান করে না তাদের কোন সম্মান থাকবে না, মূল্য থাকবে না। যাদের আল্লাহ্‌র দৃষ্টিতে কোন সম্মান নেই তাদের মানুষের সাথেও কোন সম্মান নেই।

# হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

আল্লাহ্ (জাঃজাঃ) পবিত্র নাবী (সাঃ) জন্য আমাদের ভালবাসা বৃদ্ধি করুন। উনাকে যত ভালবাসবো তত আমাদের জন্য ভালো। এটাই এই বিষয়ের সারমর্ম ইনশাআল্লাহ।

ওয়া মিন আল্লাহ্ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১ ডিসেম্বার ২০১৬/১ রাবিউল আউয়াল ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।